যুগান্তর

তারিখ 11 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# চার বিশ্ববিদ্যালয় বন্ধের চিন্তা-ভাবনা চলছে

## —ইউজিসি চেয়ারম্যান

**চট্টগ্রাম ব্যুরো**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, নীতিমালা অমান্য করায় চারটি বিশ্ববিদ্যালয় আমরা বন্ধ করার চিন্তা-ভাবনা করছি। তবে আমাদের কাজ বিশ্ববিদ্যালয় বন্ধ করা নয়, খোলা রাখা। তারপরও নীতিমালা অমান্য করলে করার কিছু থাকে না। শনিবার দুপুরে নগরীর চিটাগং ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির (সিআইইউ) ব্যবসায় অনুষদ আয়োজিত 'ফ্যামিলি বিজনেস অ্যান্ড এন্টারপ্রেনারশিপ : ট্রানজিশন টু কর্পোরেট বিজনেস ইন বাংলাদেশ' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে লোকবল রয়েছে ২৩৮ জন। এ লোকবল নিয়ে এত বড় প্রতিষ্ঠান চালানো অনেক কঠিন। তারপরও আমরা কাজ চালিয়ে যাচ্ছি।